



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনু/২০১৪/৮১৬৪


তারিখ : ১০/০৯/২০১৪খ্রি.

বিজ্ঞপ্তি

২০১৫ সালে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণেচ্ছ প্রাইভেট পরীক্ষার্থীগণকে নিম্নলিখিত কলেজের অধ্যক্ষের নিকট ১৬/১০/২০১৪খ্রি. তারিখের মধ্যে নিবন্ধন ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং অন্যান্য দালিলাদিসহ সাদা কাগজে আবেদন করার জন্য বলা হলো। যে সকল শিক্ষার্থী সাধারণ শিক্ষাবোর্ড/কারিগরি শিক্ষাবোর্ড এবং উনুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০১১ এবং তৎপূর্ববর্তী বছর যারা এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক VERIFIED AND FOUND CORRECT লেখা, তথা পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর থাকতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে মাদ্রাসা শিক্ষাবোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের বেলায়ও একই নিয়ম প্রযোজ্য হবে। কোন অবস্থাতেই নম্বরপত্র/ট্রান্সক্রিপ্টের পরিবর্তে মাধ্যমিক পরীক্ষার সনদপত্র দিয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করা যাবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষগণ সরবরাহ করবেন।

কলেজসমূহের নাম:

- ০১। সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল
- ০২। পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী
- ০৩। পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর
- ০৪। বরগুনা সরকারি কলেজ, বরগুনা
- ০৫। ভোলা সরকারি কলেজ, ভোলা
- ০৬। ঝালকাঠি সরকারি কলেজ, ঝালকাঠি


২০.০৯.২০১৪
ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

অধ্যক্ষ

উল্লিখিত কলেজসমূহ

অনুলিপি:

- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ৩। সিস্টেম এ্যানালিস্ট(ভারপ্রাপ্ত), বশিবো
- ৪। পিএস টু চেয়ারম্যান, বশিবো
- ৫। সংরক্ষণ নথি